

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, ডিসেম্বর ৫, ২০২১

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

প্রজ্ঞাপন

তারিখ : ১৫ অগ্রহায়ণ ১৪২৮/৩০ নভেম্বর ২০২১

নং ১৭.০০.০০০০.০৩৪.৩৮.০০৩.১৯-৬০৬।—স্থানীয় সরকার (পৌরসভা) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১০(১) অনুযায়ী নির্বাচন কমিশন এতদ্বারা ১৭ জানুয়ারি ২০২১ তারিখে জারীকৃত স্মারক নং-১৭.০০.০০০০.০৩৪.৩৮.০০৩.১৯-৬১ মূলে স্থগিতকৃত নাটোর জেলার নাটোর পৌরসভার মেয়র, সংরক্ষিত আসনের কাউন্সিলর এবং সাধারণ আসনের কাউন্সিলর পদে ইভিএম এর মাধ্যমে নির্বাচন নিম্নের সময়সূচি অনুযায়ী সম্পন্নের লক্ষ্যে মাননীয় নির্বাচন কমিশন সিদ্ধান্ত প্রদান করেছেন। তবে ইতঃমধ্যে যারা মনোনয়নপত্র দাখিল করেছেন তাদের নতুন করে মনোনয়নপত্র দাখিলের প্রয়োজন হবে না।

(ক)	মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ	:	৩০ অগ্রহায়ণ ১৪২৮ (বুধবার) ১৫ ডিসেম্বর ২০২১
(খ)	মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ	:	০৫ পৌষ ১৪২৮ (সোমবার) ২০ ডিসেম্বর ২০২১
(গ)	প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ	:	১২ পৌষ ১৪২৮ (সোমবার) ২৭ ডিসেম্বর ২০২১
(ঘ)	ভোট গ্রহণের তারিখ	:	০২ মাঘ ১৪২৮ (রবিবার) ১৬ জানুয়ারি ২০২২

ভোটগ্রহণের সময়: সকাল ৮.০০ মি. হতে বিকাল ৪.০০ মি. পর্যন্ত

(১৭৮৪১)

মূল্য : টাকা ৪.০০

২। সেই সাথে নির্বাচন কমিশন সচিবালয়ের স্মারক নং-১৭.০০.০০০০.০৩৪.৩৮.০২২.২০-০৩ তারিখ: ০৩ জানুয়ারি ২০১১ এর মাধ্যমে নিয়োগকৃত রিটার্নিং অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার এবং স্মারক নং-১৭.০০.০০০০.০৩৪.৩৮.০২২.২০-০৪ তারিখ: ০৩ জানুয়ারি ২০২১ এর মাধ্যমে নিয়োগকৃত আপিল কর্তৃপক্ষ বহাল রাখা ও ইতঃপূর্বের ন্যায় অন্যান্য কার্যক্রম গ্রহণ করার সিদ্ধান্ত প্রদান করা হয়েছে।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

মোঃ আতিয়ার রহমান

উপসচিব

নির্বাচন পরিচালনা-২ অধিশাখা।